শাওয়ালের ছয় রোযায় কি ধারাবাহিকতা বজায় রাখা জরুরি?

[বাংলা – Bengali – بنغالي]

শাইখ মুহাম্মাদ সালেহ আল-মুনাজ্জিদ

সম্পাদনা: ড. আবু বকর মুহাম্মাদ যাকারিয়া

2013 - 1434

IslamHouse.com

هل يشترط التتابع في صيام الست من شوال؟

« باللغة البنغالية »

محمد صالح المنجد

مراجعة: د/ أبو بكر محمد زكريا

2013 - 1434

IslamHouse.com

শাওয়ালের ছয় রোজায় কি ধারাবাহিকতা বজায় রাখা জরুরি?

প্রশ্ন

রমযান পরবর্তী শাওয়ালের ছয় একসাথে ধারাবাহিকভাবে আদায় করে নেয়া কি জরুরি, ভিন্ন-ভিন্নভাবে আদায় করলে কি হবে না? আমি এ রোযাগুলো তিন দফায় রাখতে চাই। অর্থাৎ সপ্তাহান্তের ছুটির দুই দিনে রোযাগুলো আদায় করতে চাই।

উত্তর: আলহামদুলিল্লাহ

শাওয়ালের রোযা ধারাবাহিকভাবে একসাথে রাখা জরুরি নয়। একসাথে বা ভিন্ন-ভিন্ন উভয়ভাবেই শাওয়ালের রোযা আদায় করা যায়। শাওয়ালের রোযা যত দ্রুত রাখা যায় ততোই কল্যাণ। ইরশাদ হয়েছে: (তোমরা কল্যাণকর্মে প্রতিযোগিতা করো), (তোমরা দ্রুত অগ্রসর হও তোমাদের রবের পক্ষ থেকে মাগফিরাতের প্রতি) মূসা আলাইহিস সালাম বলেছেন: (হে আমার রব, আমি তাড়াতাড়ি করে আপনার নিকট এসেছি, যাতে আপনি আমার উপর সন্তুষ্ট হন।) আর দেরি করাটা খোদ একটি সমস্যা ও আপদ। শাফেয়ী এবং হাম্বলী মাযহাবের অনুসারীগণ এ অভিমতই ব্যক্ত করেছেন। তবে দ্রুত আদায় না করলেও কোনো সমস্যা নেই। সে হিসেবে যদি মাসের

মাঝখানে অথবা শেষে আদায় করে নেয়া যায় তবুও কোনো অসুবিধা হবে না।

ইমাম নববী রহ. বলেছেন: আমাদের মাযহাবের আলেমদের বক্তব্য হল: শাওয়ালের ছয় রোযা আদায় করা মুস্তাহাব। এ বিষয়ে বর্ণিত হাদিস তাদের প্রমাণ। তারা আরো বলেছেন: শাওয়ালের রোযা ধারাবাহিকভাবে একসাথে মাসের শুরুতেই আদায় করা মুস্তাহাব। যদি ভিন্ন-ভিন্নভাবে রাখা হয় অথবা শাওয়াল চলে যাওয়ার পরে রাখা হয় তবুও তা জায়েয হবে। হাদিসের বক্তব্যে যেহেতু ব্যাপকতা রয়েছে, কাজেই এরূপ ব্যক্তি মূল সুন্নত আদায় করেছে বলে ধরে নেয়া হবে। এ ব্যাপারে আমাদের মধ্যে কোনো ইখতিলাফ নেই। ইমাম আহমদ ও দাউদের বক্তব্য এটাই। [আল মাজমু‘ শারহুল মুহায্যাব]